

স্নাতক প্রবেশিকা পরীক্ষা, ২০১৮

বাংলা বিভাগ

যাদবপুর বিশ্ববিদ্যালয়

পূর্ণমান : ৫০

সময় : ২ ঘন্টা

১. নিম্নলিখিত যে কোনও একটি বিষয়ে অনধিক ৫০০ শব্দের মধ্যে একটি নিবন্ধ লেখো। ১X১৫ = ১৫

ক) তোমার ভালোলাগা একটা অ্যাডভেঞ্চার কাহিনি খ) কল্পবিজ্ঞানের গল্প গ) তোমার প্রিয় বাংলা সিনেমা

ঘ) ছোটবেলার সকাল ঙ) ট্রেন বনাম বাস

২. সংক্ষিপ্ত আলোচনা করো (যে কোনও তিনটি) ৫X৩ = ১৫

ক) 'সবুজ পত্র' খ) 'হ্যামলেট' গ) ঋত্বিক ঘটক ঘ) 'ডাকঘর'-এর অমল ঙ) 'আরণ্যক' চ) 'আজ যদি আমাকে জিজ্ঞেস করো' ছ) 'অ্যালিস ইন ওয়ান্ডারল্যান্ডস' জ) 'পল্লীসমাজ' ঝ) রাধা ঞ) বিদ্যাসাগর

৩. নীচের প্রস্তাবগুলির পক্ষে অথবা বিপক্ষে নিজের মতামত যুক্তিসহ লেখো (যে কোনও একটি) ১০

ক) লোভ যেহেতু মানুষের স্বাভাবিক বৈশিষ্ট্য, তাই পৃথিবীতে যুদ্ধ থাকবেই

খ) গাড়িঘোড়া চড়া, তাই লেখাপড়া করা

গ) একালের শিশুদের জন্যে 'সহজপাঠ' উপযুক্ত নয়

ঘ) প্রযুক্তির অতিব্যবহার মানুষকে যন্ত্র করে তোলে

৪. নীচের যে কোনও একটি অংশ পড়ে তোমার পাঠ-প্রতিক্রিয়া লেখো। ১X১০ = ১০

ক) যে-কথা বলিতে চাই,

বলা হয় নাই,

সে কেবল এই -

চিরদিবসের বিশ্ব আঁখিসম্মুখে

দেখিনু সহস্রবার

দুয়ারে আমার।

অপরিচিতের এই চিরপরিচয়

এতই সহজে নিত্য ভরিয়াছে গভীর হৃদয়

সে কথা বলিতে পারি এমন সরল বাণী

আমি নাহি জানি।

[পর পঠায়

খ) সব শেষ হয়ে গেলে তারপর থাকে
এতদিন যা জেনেছি তার চেয়ে ভালো
সমস্ত দিনের সূর্য - আর সেই সূর্যের বিদায়
আঁধারের রঙে মাখা নক্ষত্রের আলো

নগর বন্দর দিক জনতার পথে
ক্ষতি রক্ত ভালোবাসা ব্যথা জ্ঞান-লাভ
ভালো, - তবু সেই সব স্থিরতর করে নিতে হয়;
প্রকৃতি মানুষ আর সময়ের নিজের স্বভাবে

গ) আমি খুব ভালো বেঁচে আছি
ছদ্ম সংসারে কানামাছি।

যাকে পাই তাকে ছুঁই, বলি
কে যাস এ গলি ও গলি?

বরং একবার অকপট
উদাসীন খুব হেসে ওঠ-

গুনে ওরা বলে এটা কে রে
তলে তলে চর হয়ে ফেরে?

এমন কী সেদিনের খোকা
আঙুল নাচিয়ে বলে 'বোকা'!

সেই থেকে বোকা হয়ে আছি
শ্যামবাজারের কাছাকাছি।